



20800 - কুরবানীর পশুকে কোন মুসলমি কুরবানীর নয়িতে জবাই করা শরত

প্রশ্ন

কানাডার এক অঞ্চলে হতে পারে অন্য অঞ্চলেও এমনটি থাকবে আমরা যখন ভড়ো, ছাগল বা গরু কোনোর জন্য ফার্মারের কাছে যাই তখন সে আমাদেরকে পাউন্ড হিসেবে দর উল্লেখ করে। অর্থাৎ পশুটি জবাই করার পর সে পশুটিকে ওজন করবে এবং পাউন্ড হিসেবে সে আমাদের থেকে নির্দিষ্ট এমাউন্ট নবিলে। এর মধ্যে পশুর দাম, কসাইখানা ব্যবহারের খরচ, গশেত কাটা ও প্যাকটে করার খরচও অন্তর্ভুক্ত থাকলে। কুরবানীর পশুর ক্ষেত্রে এভাবে করা কি জায়যে? নাকি প্রথমতে পশুটি ক্রয় করা ও এর দাম পরিশোধ করা আবশ্যিক? অধিকাংশ ফার্মার এভাবে রাজি হয় না। কেননা এতে করে তারা জবাই করা ও গশেত কাটার খরচ বঞ্চিত হয়।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

কুরবানীর পশু কুরবানীর নয়িতে জবাই করা শরত। গশেতের জন্য জবাই করলে জায়যে হবে না।

ইমাম নববী (রহঃ) ‘আল-মাজমু’ গ্রন্থে (৮/৩৮০) বলেন: “কুরবানী শুদ্ধ হওয়ার জন্য নয়িত শরত।”[সমাপ্ত]

প্রশ্নে উল্লেখিত পদ্ধতিতে কুরবানীর পশু ক্রয় করতে কোন আপত্তি নাই; তবে শরত হলো জবাইকারী কর্মচারীকে কুরবানীর নয়িতে জবাই করতে হবে; যদি সে মুসলমি হয়। অন্যথায় আপনাদের কেউ একজন জবাই করবেন। এরপর কর্মচারী পশুটির গশেত কাটবে।

শাইখ উছাইমীন (রহঃ) ‘আল-শারহুল মুমত’ গ্রন্থে (৭/৪৯৪) বলেন:

“কোন কতিবীকে (ইহুদী-খ্রিস্টানকে) কুরবানীর পশু জবাই করার দায়িত্ব দয়া সঠিক নয়; যদিও কতিবীর জবাই হালাল। কিন্তু কুরবানী একটি ইবাদত। তাই কতিবীকে এ দায়িত্ব দয়া সঠিক নয়। যহেতে কতিবী ইবাদত ও আনুগত্য পালন করার উপযুক্ত নয়। কেননা সে কাফরে। কাফরেরে কোন ইবাদত কবুলযোগ্য নয়। তার নিজেরে ইবাদত যহেতে কবুলযোগ্য নয়; সুতরাং সে কর্তৃক অন্যরে ইবাদত পালনও সঠিক নয়। পক্ষান্তরে, কোন কতিবীকে যদি গশেত খাওয়ার জন্য কোন পশু জবাই করার দায়িত্ব দয়া হয় তাহলে তাতে অসুবিধা নাই।”[সমাপ্ত]

আল্লাহই সর্বজ্ঞঃ।